বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

ভাদ্র ২২, ১৪২৮
তারিখ ঃ--------------------
সেপ্টেম্বর ০৬, ২০২১

এফই সার্কুলার পত্র নম্বর ২৪

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

রপ্তানিমুখী দেশিয় বস্ত্রখাতে নগদ সহায়তার আবেদনপত্রের সাথে এসোসিয়েশনের সনদপত্র দাখিল প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট সকল এসোসিয়েশনের কর্মকর্তাদের পদবি সৃজনের সিদ্ধান্তের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এফই সার্কুলার নম্বর ০৭, তারিখ জুন ০৩, ২০০৩ এবং তদপরবর্তীতে জারিকৃত সার্কুলার পত্র নম্বর এফইপিডি(রপ্তানি-১)২৯১/২০০৩-৩২৮, তারিখ ডিসেম্বর ২৬, ২০০৩ এর নির্দেশনা অনুযায়ী নগদ সহায়তার আবেদনপত্রের সাথে দাখিলযোগ্য সার্টিফিকেট অব প্রোডাকশন বিটিএমএ এর সেক্রেটারি জেনারেলের সমতূল্য পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা কর্তৃক ইস্যু করা যাবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(কাজী রফিকুল হাসান)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০১২৩